

শবেবরাত

শবেবরাত বা লাইলাতুল বারাতের মানে? ভাগ্য বা বিচ্ছেদ রজনী।

আকীদা ও বিশ্বাস :-

১- এ রাতে বান্দার গুনাহ মাফ হয়।

২- আয়ু ও রুখী বৃদ্ধি করা হয়।

৩- সারা বছরের হায়াত-মওত ও সৌভাগ-দুর্ভাগ্যের রেজিস্টার লিখা হয়।

৪- এই রাতে রহগুলো আত্মীয়-স্বজনদের সাথে মিলিত হতে পৃথিবীতে নেমে আসে। বিধবাদের স্বামীদের রহ এই রাতে ঘরে ফেরে।

আর এ জনাই সরকারী ছুটি ঘোষণা হয়, ঘর ও কবরগুলোকে ধূপ-ধুনো ও মোমবাতি দিয়ে সুরভিত ও আলোকিত করা হয়। (ভারতে অমুসলিমদের দেওয়ালীর অনুকরণ, অথবা খলীফা হারুন রশীদের অগ্নিপূজক নও মুসলিম বারামক্কী মন্ত্রীদের আবিষ্কৃত বিদআত।)

আত্মীয়রা (এমনকি মেয়েরাও) দলেদলে কবর যিয়ারতে ছুটে যায়, অথচ মেয়েদের জন্য কবর যিয়ারত বিধেয় নয়।

বিধবারা ঘরে আলো জ্বলে সারারাত মৃত স্বামীর রহের আগমনের প্রতীক্ষা করতে থাকে। অথচ যে রহ ইহকাল ত্যাগ করে, সে আর কোনদিন মধ্যজগৎ ছেড়ে ইহজগতে ফরে আসে না, আসতে পারে না। মহান আল্লাহ বলেন, তাদের সামনে বারযাখ (যবনিকা) থাকবে পুনরুত্থান দিবস পর্যন্ত। (সূরা মুমিনুন ১০০ আয়াত)

মৃতদের উদ্দেশ্যে খাওয়া ও খাওয়ানোর হালোয়া-রুটির ছড়াছড়ি।

তাদেরকে স্বাগত জানাবার উদ্দেশ্যে ফটকা-বাজির ধুম ও সেই সঙ্গে হৈ-হুল্লোড়! (আগুন নিয়ে খেলা অবৈধ। কারণ, তাতে বিপদের আশঙ্কা আছে, মানুষের ভালো মনে আতঙ্ক সৃষ্টি করে এবং তাতে অনর্থকভাবে অর্থের অপচয় হয়।

লক্ষ-লক্ষ টাকা আগুন জ্বলে পুড়িয়ে দেওয়া হয়। মহান আল্লাহ বলেন, তোমরা কিছুতেই অপব্যয় করো না। নিশ্চয় যারা অপব্যয় করে তারা শয়তানের ভাই। (সূরা বানী ইস্রাঈল ২৬-২৭ আয়াত)

মীলাদ ও মেহমানদারির ধুম পড়ে যায়। অথচ মীলাদ বা মৌলুদ-পাঠ একটি বিদআত কর্ম।

কেন এসব করা হয়? যেহেতু হাদীসে আছে :-

১- এ রাতে আল্লাহ নিচের আসমানে নেমে আসেন। বান্দার গোনাহ মাফ করেন। (এ ব্যাপারে হাদীস সহীহ নয়। সহীহ হল প্রত্যেক রাতের শেষ তৃতীয়াংশে আল্লাহ নেমে আসেন।

২- এ রাতে ভাগ্য লিপিবদ্ধ হয়। (এ ব্যাপারে হাদীস সহীহ নয়; বরং শবেকদরে ভাগ্য নির্ধারণ হয়।)

৩- এ রাতে কুরআন অবতীর্ণ হয়েছে। (বরং রমযান মাসে শবেকদরে হয়েছে। মহান আল্লাহ বলেন, “রমযান মাস, এতে মানুষের দিশারী এবং সংপথের স্পষ্ট নিদর্শন ও সত্যাসত্যের পার্থক্যকারীরূপে কুরআন অবতীর্ণ করা হয়েছে।” (সূরা বাক্বারাহ ১৮-৫ আয়াত) সূরা দুখানের প্রথম আয়াতগুলির সঠিক তফসীর এটাই।

৪- এ রাতে রহ নেমে আসে। (এটিও ভুল ধারণা। যেহেতু মহান আল্লাহ বলেন, “নিশ্চয়ই আমি এ (কুরআন)কে অবতীর্ণ করেছি মর্যাদাপূর্ণ রাত্রিতে (শবেকদরে)। আর মর্যাদাপূর্ণ রাত্রি সম্বন্ধে তুমি কি জান? মর্যাদাপূর্ণ রাত্রি সহস্র মাস অপেক্ষা উত্তম। এ রাত্রিতে ফেরেশতাগণ ও রহ (জিবরীল) অবতীর্ণ হয় প্রত্যেক কাজে তাদের প্রতিপালকের অনুমতিক্রমে। শান্তিময় সেই রাত্রি ফজর উদয় হওয়া পর্যন্ত। (সূরা ক্বাদর)

৫- এ রাতে নবী ﷺ বাকীতে কবর-যিয়ারতে গিয়েছিলেন। অথচ এ কথা সহীহ নয়, সহীহ হল মা আয়েশার প্রায় প্রত্যেক পালারাতে বাকীর কবর যিয়ারত করতেন।

৬- এ দিনে বা রাতে আল্লাহর নবীর দাঁত শহীদ হলে নরম হালোয়া বানিয়ে খেয়েছিলেন। অথচ সঠিক হল উছদের যুদ্ধে, আর তা ঘটেছিল শওয়াল মাসের ১১ তারীখে; শা'বান মাসের ১৫ তারীখে নয়।

বেনামাযীরাত ও এ রাতে ১০০ রাকআত নামায পড়ে। তারপর ফজরের আগে ক্লাস্ত হয়ে ঘুমিয়ে পড়ে, ফজরের নামায গুল। ১০০ রাকআত, প্রত্যেক রাকআতে সূরা ফাতিহা সহ ‘কুল’ পাঠ করে এ নামায পড়া হয়। এই নামায গোসল করে আদায় করলে গোসলের প্রতি ফোঁটা পানিতে ৭০০ রাকআত নফল নামাযের সওয়াব আছে বলে মনে করা হয়! অথচ এ ব্যাপারে হাদীসগুলো জাল বা মনগড়া।

এই নামাযের বিদআত চালু হয় ৪৪৮ হিজরীতে বাইতুল মুকাদ্দাসে। মুখ্ ইমামরা মাতক্বরি ও উদরপূর্তি করার জন্য এ প্রথা চালু করে। (মিরকাত ২/১৭৮ মুন্না আলী আল-কারী)

আতর-সুরমা লাগিয়ে এ রাত জেগে জামাতী যিকর ইত্যাদি শুরু হয় শামের সুফীদের দ্বারা। মদীনার আলেমগণ এর বিরোধিতা করেন।

এ দিনের রোযা রাখা হয়। অথচ এ ব্যাপারে হাদীস সহীহ নয়।

বলা হয়, কিন্তু কাজগুলো তো ভাল? অতএব বিদআতে হাসানাহ করলে ক্ষতি কি?

অথচ কাজ ভাল হলেই করা চলে না। হাসানাহ বলে কোন বিদআত নেই। মহানবী ﷺ বলেন, “প্রত্যেক বিদআতই ভ্রষ্টতা। যে ব্যক্তি এমন কাজ করে, যাতে আমাদের কোন নির্দেশ নেই তা প্রত্যাখ্যাত।” যা বিদআত, তা মন্দ। মন্দের সবটাই মন্দ। মন্দের আবার ভালো কি আছে?

বলা হয়, ফাযায়েলে আমালে যয়ীফ হাদীস ব্যবহার চলে। তাহলে যয়ীফ হাদীসকে ভিত্তি করে শবেবরাত পালন করলে ক্ষতি কি?

কিন্তু আমল করার জন্য কি সহীহ হাদীস যথেষ্ট নয়? যয়ীফ হাদীসকে মানতে গিয়ে কি সহীহ হাদীসের বিরোধিতা হয় না? তাছাড়া শবেবরাতের ব্যাপারে অধিকাংশ হাদীস তো মওযু ও মনগড়া। সুতরাং তা মেনে কি মহান আল্লাহর ইবাদত করা যায়?

অতএব আসুন! নকল ছাড়ুন। আসল ধরুন। ডুপ্লিকেট শবেবরাত বর্জন করে, অরিজিন্যাল শবেকদর গ্রহণ করে নিজ সৌভাগ্য ফিরিয়ে আনুন।

বিস্তারিত জানতে ‘বারো মাসের তেরো পরব’ বইটি পড়ুন।